দর্শনার উজলপুরে বিষপানে দুই সন্তানের জননীর আত্নহত্যা

শ্বাশুড়ীর উপর অভিমান করে চুয়াডাঙ্গার দর্শনা উজলপুর গ্রামে দুই সন্তানের জননী নারগিস (২৬) আত্নহত্যা করেছেন। রোববার দুপুর ২ টার দিকে তিনি বিষপান করে আত্নহত্যা করেন। তিনি উজলপুর গ্রামের ক্লাবপাড়ার হায়দার আলীর মেয়ে।

পারিবারিক সুত্রে জানাযায়, গত বছর দশেক আগে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা সদরের কেষবপুর গ্রামে জৈনকের সাথে পারিবারিক ভাবে বিবাহ হয় নারগিসের। বিয়ের পর সবকিছু ঠিকঠাক চলছিল।

তার কোল জুড়ে আসে দুটি সন্তান। বছর খানেক থেকে নারগিসের সাথে তার শ্বাশুড়ীর বিভিন্ন কারণে অকারণে ঝগড়া বিবাদ হতো।

রোববার সকালের দিকে শ্বাশুড়ীর সাথে ঝগড়া হলে নারগিস তার পিতার বাড়ি উজলপুরে চলে আসে। পরে দুপুর ২ টার দিকে নারগিস রোজা থাকা অবস্থায় সকলের অজান্তে বিষপান করে।

বাড়ির লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা হাসপাতালে নিলে কর্মরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষনা করেন। এ রিপর্ট রেখা পর্যন্ত নারগিসের লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে ছিল।

দর্শনায় বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় দোয়া ও ইফতার মাহফিল

তিন বারের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় দর্শনা পৌর বিএনপি ও অঙ্গ সংগঠনের উদ্দ্যেগে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্টিত হয়েছে।

রবিবার আরাম মার্কেটে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্টিত হয়। উক্ত ইফতার মাহফিলে দর্শনা পৌর বিএনপির আহবায়ক হাবিবুর রহমান বুলেটের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন জেলা বিএনপি’র সদস্য ও দর্শনা থানার প্রধান সমন্বয়ক বীর মুক্তিযোদ্ধা খাজা আবুল হাসনাত।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন শফিকুল ইসলাম সাবু, জেলা শ্রমিক দলের সাধারন সম্পাদক ও দর্শনা পৌর বিএনপির সমন্বয় টিমের সদস্য শরিফ উদ্দিন, সদস্য বিএনপির সমন্বয় টিম ও সাবেক প্রভাষক আল হাজ্ব মশিউর রহমান, দর্শনা পৌর বিএনপির সমন্বয় ও জেলা মৎসজীবির যুগ্ন আহবায়ক লুৎফর রহমান,সদস্য রেজাউল ইসলাম, মোমিনুল ইসলাম,শফিকুল আজম তোতা, নাসির উদ্দিন খেদু, আক্তার হোসেন, শফিউল্লাহ, আঃ রশিদ, আঃ হাই, হাবিবুর রহমান হাফি, আসলাম উদ্দিন, আশরাফুল হক, মহব্বত আলী, আবুল হোসেন টোটন, রফিকুল ইসলাম, খায়রুল আলম যুদ্ধ, দর্শনা পৌর যুবদলের আহবায়ক জালাল উদ্দিন, দর্শনা পৌর বিএনপির সদস্য সচিব জালাল উদ্দিন লিটন, যুগ্ন আহবায়ক সেলিম মেহফুজ মিল্টন, যুগ্ন আহবায়ক জাহান আলী, যুগ্ন আহবায়ক সোহেল তরফদার, সাহাব উদ্দিন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সহ সভাপতি খোরশেদ লিংকন, সহ সাধারন সম্পাদক জাকির হোসেন, আহবায়ক দর্শনা থানা ছাত্রদলের নাফিউল লিমন, অনুষ্টানটি সার্বিক পরিচালনা করেন দর্শনা পৌর বিএনপির সমন্বয় টিম ও সাবেক সাংগঠনিক সম্পাদক নাহারুল ইসলাম।

চুয়াডাঙ্গায় ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে আলোচনা সভা

চুয়াডাঙ্গায় ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে শীর্ষক আলোচনা সভা এবং দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। রবিবার চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় এই আলোচনা সভা ও দোয়ার মাহফিল।

চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাজিয়া আফরিন এর

সভাপতিত্বে অনুষ্ঠানে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক বলেন, বঙ্গবন্ধুর মতো ক্ষণজন্মা মানুষটির জন্ম না হলে বিশ্বের বাঙালিরা একটি নিজস্ব স্বাধীন দেশের স্বাদ থেকে বঞ্চিত হতো।

আজ আমরা সেই মহান মানুষটির স্বপ্নকে আঁকড়ে ধরে দেশসেবায় ব্রতী হয়েছি। আমাদের লক্ষ্য বঙ্গবন্ধুর প্রেরণায় সোনার বাংলা গড়ার জন্য আমরা দেশসেবায় এগিয়ে চলেছি।

এটাই হবে আমাদের আজকের দৃঢ় প্রত্যয় ও অঙ্গীকার। এ সময় তিনি আরো বলেন মুজিবনগর দিবস বাঙালি এবং স্বাধীনতা সংগ্রামের একটি বিশেষ দিন।

উক্ত আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) শারমিন আক্তার, বীরপ্রতীক সুবেদার মেজর অবঃ খন্দকার সাইদুর রহমান, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা শামীম ভুইয়া সহ চুয়াডাঙ্গা মুক্তিযোদ্ধা সংসদের বীর মুক্তিযোদ্ধাগণ এবং বিভিন্ন প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ,রাজনৈতিক নেতৃবৃন্দ এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের ৩ জনসহ ৪০ যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান

মেহেরপুরের তিন জন সহ সারা দেশের ৪০ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান করেছেন লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল।

লায়ন্সক্লাব ঢাকা ওয়েসিস আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সংবর্ধনা প্রদান করেন মাননীয় জেলা গভর্নর লায়ন জালাল আহমেদ এমজেএফ।

মেহেরপুরের যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের মধ্যে সংবর্ধনা প্রাপ্তরা হলেন গাংনীর বামুন্দি গ্রামের নুরুল হুদা ওরফে নুহু বাঙ্গালী,কাজিপুরের গোলাম মস্তফা ও ধর্মচাকীর তাহাজ উদ্দিন।

অনাড়ম্বর আয়োজনে আগারগাঁও লায়ন্স টাওয়ারে লায়ন হুমায়ন জহির অডিটরিয়ামে লায়ন্সক্লাব অব ঢাকা জেলার প্রেসিডেন্ট অ্যাডভোকেট হুমায়ন কবিরের সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানীত অতিথী ছিলেন, সদ্য প্রাক্তন জেলা গভর্নর লায়ন কামরুন নাহার পিএমজেএফ।

বিশেষ অতিথি ছিলেন প্রথম ভাইস জেলা গভর্নর লায়ন ইঞ্জিঃ এমএ ওয়াহাব ও দ্বিতীয় ভাইস জেলা গভর্নর ডঃ মোঃ বশির উল্লাহ পিএমজেএস। সম্মাননা ক্রেষ্ট, উত্তরীয়সহ বিভিন্ন সম্মানে ভুষিত করেন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের।

কোটচাঁদপুরে ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত

১৯৭১ সালের ১৭ এপ্রিল মুক্তিযুদ্ধ চলাকালে ঐতিহাসিক এ দিনেই মেহেরপুরের বৈদ্যনাথতলা গ্রামের আম্র্রকাননে স্বাধীন বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার আনুষ্ঠানিকভাবে শপথ গ্রহন করেন।

পরে এ বৈদ্যনাথতলাকেই ঐতিহাসিক মুজিবনগর হিসাবে নামকরণ করা হয়। প্রতিবারের ন্যায় এবারও নানা কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি পালন করছে আওয়ামী লীগসহ বিভিন্ন রাজনৈতিক দল।

দিবসটি উপলক্ষে কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। রোববার বিকালে উপজেলা পরিষদ মিলনায়তনে ঐতিহাসিক এ দিবস পালিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে সভায়

প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন।

বিশেষ অতিথি হিসাবে ছিলেন, সহকারি কমিশনার (ভুমি) নিরুপমা রায়, সাবেক কমান্ডার মুক্তিযোদ্ধা তাজুল ইসলাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শীলা বেগমের পরিচালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা খাদ্য গোডাউন কর্মকর্তা (ওসি.এল.এসডি) নাঈমুল হাসান মোহাম্মদ আব্দুল্লাহ, উপজেলা আ.লীগের সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, সাংবাদিক শেখ নজরুল ইসলাম প্রমূখ।

এসময় উপজেলা বিভিন্ন দপ্তরের প্রধান, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক,সাংবাদিক সহ নানা শ্রেণী-পেশার ব্যাক্তি উপস্থিত ছিলেন।

জাতীয় পতাকা উত্তোলন মুজিবনগর দিবসের কর্মসূচী শুরু

জাতীয় পতাকা উত্তোলন, মুজিবনগর স্মৃতিশৌধে পুস্পমাল্য অর্পণ ও গার্ড অফ অনার প্রদান ও কুচকাওয়াজ প্রদর্শণের মধ্য দিয়ে ১৭ এপ্রিল মুজিবনগর দিবসের কর্মসূচীশুরু হয়েছে।

আওয়ামীলীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দ, জনপ্রশাসন প্রতমিন্ত্রী, মেহেরপুর জেলা প্রশাসন মুজিবনগর স্মৃতি শৌধে পুস্পমাল্য অর্পণ করেন।

এদিকে মুজিবনগর দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনে বাংলাদেশ আওয়ামী লীগ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও মেহেরপুর জেলা প্রশাসন দিনব্যাপি বিভিন্ন কর্মসুচী ঘোষনা করেছেন।

মুজিবনগর আম্রকাননে শেখ হাসিনা মঞ্চে সকাল ১০.৪৫ টায় মুজিবনগর দিবসের বিশাল জন সভা অনুষ্ঠিত হবে।

বিশাল জন সভায় সভাপতিত্ব করছেন মুক্তিযোদা বিষয়ক মন্ত্রী ও বাংলাদেশ আওয়ামীলীগের সাংগাঠনিক সম্পাদক বিএম মোজ্জামেল হক

মুজিবনগর দিবস উপলক্ষে আয়োজিত বিশাল জনসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন বাংলাদেশ আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দীন নাসিম।

বিশেষ অতিথির বক্তব্য রাখবেন, বাংলাদেশ আওয়ামীলীগের সাংগাঠনিক সম্পাদক অ্যাডভোকেট আফজাল হোসেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন, বাংলাদেশ আওয়ামীলীগের উপদফতর সম্পাদক সায়েম খান, কেন্দীয় আওয়ামীলীগের সদস্য পারভীন জামান কল্পনা এমপি, বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্যীয় কমিটির সদস্য গোরিয়া ঝর্ণা সরকার এমপি, যোগ দেবেন বিভিন্ন স্থান থেকে আসা আওয়ামীলীগের নেতৃবৃন্দ, বিভিন্ন জেলার এমপিসহ কেন্দীয় ও স্থানীয় আওয়ামী লীগের নেতৃবৃন্দ।

সরোজগঞ্জ প্রেসক্লাবের উদ্যোগে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত

চুুয়াডাঙ্গার সরোজগঞ্জ প্রেসক্লাবে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার প্রেসক্লাবে ইফতার ও মোনাজাতের আয়োজন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন সরোজগঞ্জ প্রেসক্লাব সভাপতি আরিফুল ইসলাম লিন্টু, সেক্রেটারি এম এস জেড এ সুমন, সহ সভাপতি বুলবুল আহম্মেদ শিপন, সহ সেক্রেটারি জিল্লুর রহমান রুবেল, সাংগঠনিক সম্পাদক এম লাবলু রহমান, প্রচার ও দপ্তর সম্পাদক ইকরামুল হক, সাংস্কৃতিক ও ক্রীড়া বিষয়ক সম্পাদক আকিমুল ইসলাম, নির্বাহী সদস্য সাইফুল ইসলাম, সাংবাদিক হাবিবুর, সাজিদুর রহমান, সাইদুর রহমান, হাসানুজ্জামান হাসান এছাড়াও গড়াইটুপি ইউপি সদস্য জুয়েল, ডাকবাংলা বাজারের ব্যবসায়ী ইউসুপ মিয়া, সরোজগঞ্জ বাজার ব্যবসায়ী মামুন, জাহাঙ্গীর আলম প্রমুখ।

আলমডাঙ্গায় অবসরপ্রাপ্ত সেনা কল্যাণ সমিতির দোয়া ও ইফতার মাহফিল

আলমডাঙ্গায় অবসরপ্রাপ্ত সেনা কল্যাণ সমিতির উদ্যোগে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার কালিদাসপুর সাদাব্রিজের নিকট এ মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত সেনা কল্যাণ সমিতির সিনিয়র উপদেষ্টা পিএসসি নেভী অবসর প্রাপ্ত কমান্ডার এম শহিদুর রহমান, অবসরপ্রাপ্ত সেনা কল্যাণ সমিতির সভাপতি সার্জেন্ট মুনসুর, সহ-সভাপতি সার্জেন্ট মঞ্জু, সাধারণ সম্পাদক লিয়াকত, সাংগঠনিক সম্পাদক আব্দুর রাজ্জাক মন্টু। এছাড়াও উপস্থিত ছিলেন সদস্য রশিদ, মকছেদ, মতিয়ার, মতিন, রাজ্জাক প্রমূখ।

আলমডাঙ্গায় সরকারি জায়গায় অবৈধ ভাবে স’মিল নির্মাণের অভিযোগ

আলমডাঙ্গার হাউসপুর সরকারি যায়গায় স’মিল নির্মাণের অভিযোগ উঠেছে ডাউকি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুল জব্বারের বিরুদ্ধে। এ ঘটনায় গতকাল শনিবার ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে সাংবাদিকের নিকট লিখিত অভিযোগ করেন।

লিখিত অভিযোগ সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার ডাউকি ইউনিয়নের হাউসপুর তিন রাস্তার মোড়ে সরকারি খাস জমি অবস্থিত। ওই জমিতে দীর্ঘদিন যাবৎ ডাউকি ইউনিয়ন আওয়ামী লীগের অফিস রয়েছে।

ইউনিয়ন আওয়ামী লীগের অফিস দীর্ঘদিন সংরক্ষণের অভাবে পরিত্যক্ত

থাকে। এরই সুযোগে গত ১ বছর পূর্বে উপজেলা বিএনপির সভাপতি আব্দুল জব্বার ও তার ছেলে শুভ স’মিল নির্মাণ করে। স’মিল নির্মাণের সময় ইউনিয়ন আওয়ামী লীগের পক্ষ থেকে বাধা প্রদান করা হলেও তারা কোন তোয়াক্কা করে না।

গত শুক্রবার ওই স্থানে আওয়ামী লীগের দলীয় অফিসের পূর্ণ নির্মাণ কাজ করতে গেলে শুভ আওয়ামী লীগের নেতাকর্মীদের উপর হামলা করে।

এছাড়াও লিখিত অভিযোগে আওয়ামী লীগের নেতাকর্মীরা জানায়, দীর্ঘদিন যাবৎ উপজেলা বিএনপির সভাপতি ও ডাউকি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুল জব্বার হাউসপুর হঠাৎ পাড়ায় অবস্থিত ৩ বিঘা সরকারি জমিতে আম বাগান তৈরি করে। বাগানটি প্রাথমিক স্কুল প্রাঙ্গণে। স্কুলের শিক্ষার্থীরা ওই বাগানে গেলে মারপিট করে বলে অভিযোগ তোলেন এলাকাবাসী।

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় গরু ব্যবসায়ীর মৃত্যু

কুষ্টিয়ায় শ্যালো ইঞ্জিন চালিত নসিমন উল্টে আমিরুল ইসলাম (৫০) নামে এক গরু ব্যবসায়ী নিহত হয়েছেন। শনিবার দুপুরে কুষ্টিয়া- ঝিনাইদহ মহাসড়কের আলামপুর বালিয়াপাড়া ব্রিজ সংলগ্ন এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত আমিরুল ইসলাম ঝিনাইদহ জেলার বিজয়নগর এলাকার আমজাদ হোসেনের ছেলে। সে আলামপুর গরুর হাটে গরু বেচা-কেনা করতেন।

স্থানীয় সূত্রে জানা গেছে,গরু ব্যবসায়ী আমিরুল শ্যালো ইঞ্জিন চালিত নসিমন যোগে আলামপুর গরু হাটে আসছিলেন। এসময় কুষ্টিয়া- ঝিনাইদহ মহাসড়কের আলামপুর বালিয়াপাড়া ব্রিজ সংলগ্ন এলাকায় এসে পৌঁছালে শ্যালো ইঞ্জিন চালিত নসিমনের চালক নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন। এতে নসিমনটি উল্টে যাত্রী আমিরুল ইসলাম ঘটনাস্থলেই মারা যান।

কুষ্টিয়া মডেল থানার (ওসি) সাব্বিরুল আলম এঘটনার সত্যতা নিশ্চিত করে জানান,মরদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।